# U.G. 5th Semester Examination - 2020

## BENGALI

### Course Code: BBNGDSHT1 [DSE1]

### Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস (অষ্টাদশ শতাব্দী পর্যন্ত)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) চর্যাপদ সংকলনের প্রথম কবির নাম লেখো।

খ) মনসা মঙ্গলের কবি বিজয় গুপ্তের জন্মস্থানের নাম উল্লেখ করো।

গ) কোন্ চৈতন্য জীবনী কাব্যে চৈতন্যের মৃত্যু সম্পর্কে প্রামাণিক তথ্য আছে?

ঘ) বৃন্দাবনের ষড় গোস্বামী নামে কারা পরিচিত ছিলেন?

ঙ) কৃত্তিবাসী রামায়ণ প্রথম কোথা থেকে মুদ্রিত হয়?

চ) মহাভারতের বাংলা অনুবাদক পরমেশ্বর এর উপাধি কী? তিনি কার সভাকবি ছিলেন?

ছ) 'ভাস্কর পণ্ডিত' কোন্ কাব্যের চরিত্র?

জ) মনসামঙ্গলের কবি ক্ষেমানন্দকে 'কেতকাদাস ক্ষেমানন্দ' বলা হয় কেন?

[পরের পাতায়]

ঝ) 'কালিকা মঙ্গল' বা 'বিদ্যাসুন্দর' কাব্যের প্রসিদ্ধ দুজন কবির নাম উল্লেখ করো।

ঞ) শিবায়ন কাব্যের কবি শঙ্কর কবিচন্দ্র কোথাকার কোন্ রাজার সভাকবি ছিলেন?

ট) 'ময়ূর ভট্ট বন্দিব সঙ্গীত আদ্য কবি।' — ময়ূর ভট্টকে কোন্ কাব্যের আদি কবি কে বলেছেন?

ঠ) 'পদ্মাবতী' কাব্যটি কোন্ প্রসিদ্ধ কবির কোন্ কাব্য অবলম্বনে রচিত?

ড) শাক্ত পদাবলীর দু'জন বিখ্যাত কবির নাম লেখো।

ঢ) 'ফিকিরচাঁদ বাউল'-এর আসল নাম লেখো।

ণ) 'গেল গেল কুল কুল, যাক কুল, তাতে নই আকুল।
লয়েছি যাহার কুল সে আমাতে প্রতিকুল।'
— কোন্ কবির লেখা?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) মঙ্গলকাব্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

খ) কৃত্তিবাসের আত্ম পরিচয় অংশে তিনি যে জন্মসময় জ্ঞাপক শ্লোক বলেছেন তা লেখো। তার থেকে তিনি কোন্ সময়ে জন্মেছিলেন বলে পণ্ডিতেরা মনে করেন?

গ) কাশীরাম দাস মহাভারতের কোন্ কোন্ পর্ব রচনা করেছিলেন? তাঁর অসমাপ্ত কাজ কে সম্পূর্ণ করেন?

ঘ) কোন্ কবির ধর্মমঙ্গল কাব্য প্রথম মুদ্রণ সৌভাগ্য লাভ করেছিল? তাঁর কাব্যে কয়টি কাহিনি আছে ও কী কী?

ঙ) নাথ সাহিত্যের প্রধান দুটি শাখার নাম লেখো।

চ) রবীন্দ্রনাথ লালন ফকিরের কতগুলি গান সংগ্রহ করে প্রথম প্রকাশ করেন? পরে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে তা কী নামে প্রকাশিত হয়?

ছ) 'আমি কোথায় পাব তারে

আমার মনের মানুষ যে রে।'

এই বাউল গানটির কবি কে? আমি 'কোথায় পাব তারে' — এই শিরোনাম নিয়ে পরবর্তী কালে কোন্ ঔপন্যাসিক উপন্যাস লিখেছেন?

জ) কবিগানের প্রথম প্রবর্তকের নাম লেখো।

'আমি ভজন সাধন জানিনে মা জাতেতে ফিরিঙ্গি'

— এই কবিগানটির গায়ক কে?

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) বাংলা সাহিত্যে ত্রয়োদশ-চতুর্দশ শতাব্দী কেবল অন্ধকার পর্ব নয়, বরং বলা যায় আদি-মধ্যযুগের সাহিত্য সৃষ্টির প্রস্তুতি ভূমি। — এই অভিমত কতখানি গ্রহণযোগ্য - সংক্ষেপে তা আলোচনা করো।

খ) 'শিবায়ন' কাব্যের জনপ্রিয় কবি রামেশ্বর ভট্টাচার্যের বিশিষ্টতা আলোচনা করো।

গ) বাউলগানে হাছন রাজার কৃতিত্ব আলোচনা করো।



৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'নূতন মঙ্গল আসে ভারত সরস ভাসে

রাজা কৃষ্ণচন্দ্রের আজ্ঞায় —,''

ভারতচন্দ্র তাঁর কাব্যকে কী কারণে 'নূতন মঙ্গল' বলেছেন — তা আলোচনা করো।

খ) উত্তর-চৈতন্য যুগের বৈষ্ণবপদাবলী সম্পর্কে আলোচনা করো।

গ) অষ্টাদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে কলকাতার নাগরিক সংস্কৃতিতে কবিওয়ালাদের স্থান নির্ণয় করো।